[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

জানাগেছে, মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেকে ২০২০ সালের জানুয়ারী মাসের প্রথম থেকে শেষ পর্যন্ত ডায়রিয়া জনীত রোগে আক্রান্ত হয়ে চিকিৎসা নিয়েছে ১৩৫ জন শিশু ।

চলতি ফেব্রুয়ারীর এক থেকে ১৪ তারিখে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে ভর্তি হয়েছে ১২৪ জন শিশু। ১৫ ই ফেব্রুয়ারী শনিবার ডায়রিয়া রোগে আক্রান্ত হয়ে দুপুর পর্যন্ত অর্ধবেলা ভর্তি হয় ৮ জন শিশু। ডায়রিয়া রোগে আক্রান্ত শিশু নাফিম এর মা জানায়, প্রথমে বোমি, তার পর পাতলা পায়খানা শুরু হয়। অবস্থা বেগতিক দেখে আজ শানিবার সকালে হাসপাতালে ভর্তি করি। চাদপুর গ্রামের শফিকুলের ছেলে সালমান (১৫মাস) ডায়রিয়ায় আক্রান্ত হয় দু’ দিন আগে। প্রথমে গ্রামে চিকিৎসা নিয়ে নিরাময় না হলে গতকাল হাসপাতালে ভর্তি করি। বর্তমানে তার অবস্থা এখনও সুস্থ্য নয়। গাংনী মহিলা কলেজ এলাকায় সাইদুলের শিশু কন্যা খাদিজা (১২ মাস) ডায়রিয়াতে আক্রান্ত হয়ে মুমুর্ষ হয়ে উঠেছে। হাসপাতালে নিলে চিকিৎসা দিয়ে তাকে সুস্থ্য করা হচ্ছে । তবে চিকিৎসা নিতে আসা শিশুদের অভিভাবকরা জানান বিশের ভাগ ওষুধ কিনে নিতে হচ্ছে। হাসপাতালে তেমন কোন ওষুধ দিচ্ছেনা হাসপাতাল কর্তপক্ষ।

এসময় নাম প্রকাশ না করার শর্তে রাউন্ড কালীন চিকিৎসক জানান, শিশুদের চিকিৎসার ব্যাপারে আমরা খুবই তৎপর। ডায়রিয়া আক্রান্ত শিশুদের নিবিড় পর্যবেক্ষনের রেখে চিকিৎসা দেয়া হচ্ছে বলে দাবী করেন। এছাড়াও প্রায় ১০ জন শিশু ইতোমধ্যে সুস্থ্য হয়ে বাড়ি ফিরেছেন বলে জানান কর্তব্যরত জনৈক নার্স।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ রিয়াজুল ইসলাম জানান, আবহাওয়া জনীত কারনে শিশুরা ডায়রিয়াসহ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে। শীতের প্রায় শেষ মুহুর্ত। নতুন আবহাওয়া মানিয়ে নিতে কোমলমতি শিশুদের কিছুটা সমস্যা সহ্য করতে হবে। ডায়রিয়া আক্রান্তের সংখ্যা চলতি মাসে বেড়েছে। তবে শিশুদের প্রতি মায়েদের বেশি যত্নবান হতে হবে। শিশুদের পরিস্কার পরিছন্নতার বিষয়ে মায়েরা সচেতন হলে শিশুরোগ নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। কোন শিশু বোমি ও পাতলা পায়খানা শুরু হওয়ার সাথে সাথে ওর স্যালাইন খাওয়ানো এবং দ্রত চিকিৎসকের পরামর্শ নেয়ার উপদেশ দেন এ চিকিৎসক। ওষুধ সংকটের বিষয়ে এ কর্মকর্তা বলেন, তিন মাস যাবত কোন ধরনের এন্টিবায়েটিক ওষূধ সরবরাহ না থাকায় একটু সংকট চলছে। আগামী সপ্তাহে চাহিদা পাঠঅনো হবে। তবে এবার প্রয়োজনমত ওষুধ কেনার সুযোগ থাকবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

ইসলামের শুভেচ্ছা ও অভিনন্দন

কেন্দ্রীয় ছাত্রদলের নেতাদের মেহেরপুর জেলায় আগমনে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে মো: নাঈম ইসলাম।

ভারপ্রাপ্ত চেয়ারম্যান- তারেক রহমানের নির্দেশে, খুলনা বিভাগের ছাত্রদলের সাংগঠনিক টিমের দায়িত্ব পেয়েছে কেন্দ্রীয় ছাত্রদলের সহ সভাপতি মো: মিজানুর রহমান সজীব, যুগ্ম সম্পাদক মো: মাহাবুব মিয়া, সহ সাধারণ সম্পাদক সুলতানা জেসমিন জুঁই, সহ সাংগঠনিক সম্পাদক মো: হেলাল আহম্মেদ সুমন।
দায়িত্বপ্রাপ্ত সকল ছাত্রদলের নেতাদের সংগ্রামী শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে মো: নাঈম ইসলাম।

তিনি আশা করেন মেহেরপুর জেলা ছাত্রদলকে এক আশার আলোর পথ দেখাবেন এবং সাংগঠনিক দিক নির্দেশনা দেবেন এবং যাদের ছাত্রত্ব আছে এবং কেন্দ্রীয় নিয়ম অনুযায়ী অবিবাহিত ছেলেরা ছাত্রদল করতে পারবে।

সেই সাথে সকল দিক নির্দেশনার মাধ্যমে মেহেরপুর জেলা ছাত্রদল যেন বেগম খালেদা জিয়ার মুক্তির আন্দোলন গড়ে তুলতে পারে এই আশা গুলো ব্যক্ত করেন কেন্দ্রীয় ছাত্রদলের নেতাদের কাছে।

মেপ্র/আরপি

গাংনীতে নিষিদ্ধ ঘোষিত সংগঠন আল্লাহর দলের সদস্য আটক

মেহেরপুরের গাংনীতে নিষিদ্ধ ঘোষিত সংগঠন আল্লাহর দলের সদস্য রাসেল আহমেদকে (৩০) আটক করেছে র্যাব।

বৃহস্পতিবার ভোররাতে র্যাব-৬ (সিপিসি) ঝিনাইদহ ক্যাম্পের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে গাড়াডোব গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে।

আটককৃত রাসেল গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের গাঁড়াডোব গ্রামের মৃত আবুল কালাম আজাদের ছেলে।

ঝিনাইদহ র্যাব সূত্র জানায়, আটককৃত রাসেল আহমেদ নিষিদ্ধ ঘোষিত সংগঠন আল্লাহর দলের সদস্য। তার বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় একটি মামলা করা হয়েছে। মামলা নং-৫৯। পরে তাকে চুয়াডাঙ্গা আদালতে সোপর্দ করা হয়।

মেপ্র/আরপি

গাংনীতে ৩শ’ বোতল ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার চেংগাড়া বাসষন্ট্যান্ড থেকে ৩শ, বোতল ফেন্সিডিলসহ দু’মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-১২।

বুধবার দিবাগত রাত ২টা ৪৫ মিনিটে উপজেলার চেংগাড়া বাসষ্ট্যান্ডের যাত্রী ছাউনির সামনে থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো মেহেরপুর সদর উপজেলার রুদ্রনগর গ্রামের হযরত আলির ছেলে মোঃ জাহিদ(২৭) হাসান ও চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা গ্রামের ফকির মল্লিকের ছেলে আনোয়ার হোসেন(৩১)। আটককৃতদের নামে মাদকদ্রব্য আইনে গাংনী থানায় মামলা হয়েছে।

মামলা সুত্রে প্রকাশ, পাবনা র্যাব ক্যাম্পের বিশেষ অভিযানে র্যাবের কর্মকর্তা সামিউল হক শিপনের নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে তাদের চেংগাড়া বাসষ্ট্যান্ডের যাত্রী ছাউনি থেকে ৩শ’ বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়। পরে তাদের গাংনী থানায় সোপর্দ করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান বলেন আটক মাদক ব্যবসায়ীদের নামে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেয়র ও কাউন্সিলররা মুখোমুখি অবস্থানে

মেহেরপুরের গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলামের বিরুদ্ধে আবারও ক্ষোভ প্রকাশ করেছেন কাউন্সিলররা।
গতকাল বুধবার দুপুর ৩টার সময় গাংনী পল্লী বিদ্যুৎতের সামনে তারা সাংবাদিকদের সামনে মেয়রের ব্যাক্তিগত ও পৌরসভার বকেয়া বিদ্যুৎ বিল সংক্রান্ত বিষয়ে অভিযোগ তুলে ক্ষোভ প্রকাশ করে বলেন, পৌর এলাকায় সাধারণ জনগণের সামান্য বিল বকেয়া হলে বিদ্যুৎ বিচ্ছিন্নসহ পূনরায় মিটার সংযোগের জন্য অতিরিক্ত টাকা আদায় করে নিচ্ছে অথচ পৌর মেয়র আশরাফুল ইসলামের ব্যাক্তিগত বাড়ির বিল বাকি থাকলেও তার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছেনা এছাড়াও পৌর মেয়র জনগণের সাথে নীল করদের মতো অতিরিক্ত ট্যাক্স আদায় করেও পৌরসভার বিদ্যুৎ বিল বকেয়া রাখছে।

কাউন্সিলররা বলেন, যেহেতু জনগণের সাথে নিয়মিতভাবে অতিরিক্ত ট্যাক্স আদায় করছে সেই ট্যাক্সের টাকা কোথায় যাচ্ছে এটা বোধগম্য নয়।

তারা মেয়রের কাছে প্রশ্ন রাখেন এত ট্যাক্স আদায়ের পরও কেন পৌরসভার বিল বকেয়া থাকবে এমনকি ভুয়া বিল ভাউচার করে বিল তুলে নেওয়া হচ্ছে এর তীব্র প্রতিবাদও জানান তারা।

কাউন্সিলররা প্রায় আড়াই হাজার কার্ড ধারিদের ট্যাক্স মউকুফের প্রসঙ্গে বলেন, তাদের প্রতি আমাদের কোন ক্ষোভ নেই কিন্তু তাদের যে ট্যাক্স নেওয়া হবেনা এর কোন রশীদ নেই এ কারণে পরবর্তিতে তাদেরকে বিপদে পড়তে হবে।

এর আগে কাউন্সিলররা জানান, আড়াই হাজার সুবিধা ভোগীরা পৌর মেয়র আশরাফুল ইসলামের ব্যাক্তিগত খাদিজা-আশরাফ ফাউন্ডেশনের কার্ডধারি। তারা কেন পৌরসভা থেকে সুবিধা নিয়ে মেয়রের ব্যাক্তিগত

ফাউন্ডেশনের নামে চলবে। তারপরও কাউন্সিলররা গরীব অসহায়দের কথা মাথায় রেখে বলেন, তাদেরকে রশীদ দেওয়া হোক তা নাহলে পরবতির্তে মেয়র আসলে তাদেরকে করের বোঝা বইতে হবে।

কাউন্সিলররা সাংবাদিকদের মাধ্যমে প্রশ্ন রাখেন, যেহেতু পৌর ট্যাক্স জনগনের উপর চাপ দিয়ে আদায় করা হচ্ছে তাহলে বিদ্যুৎ বিল যাচ্ছে কোথায়।

এটা জনগনের সাথে মেয়র প্রতারণা করছেন বলে কাউন্সিলররা মনে করেন।

কাউন্সিলররা আরও বলেন, পল্লী বিদ্যুৎতের এজিএমকে বলা হয়েছে মেয়র আশরাফুল ইসলামের প্রায় দেড় থেকে দু’লক্ষ টাকা ব্যক্তিগত বিল বকেয়া থাকলেও সাধারণ জনগণের বকেয়ার জন্য বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে কেন। পরবর্তিতে মেয়র বিল পরিশোধ না হলে আমাদের সাধারণ জনগনের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন না করার অনুরোধ জানিয়েছেন তারা।

পরবর্তিতে কাউন্সিলররা গাংনী পল্লী বিদ্যুৎতের ডিজিএম নিরাপদ দাসের সাথে কথা বলেন। এসময় তিনি বলেন, আসলে আমাদের ভিন্ন ভিন্ন দিনে পর্যায়ক্রমে বিভিন্ন এলাকায় বিদ্যুৎ বিচ্ছিন্ন করণের প্রোগ্রাম থাকে। কে কোন অবস্থার মানুষ সেটা আমরা বিবেচনায় আনিনা। পৌর মেয়রের পর্যায়ে প্রোগ্রাম হলেই তারও নিয়মানুযায়ী বিদ্যুৎ বিচ্ছিন্ন করা হবে।

আরো পড়ুন-আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের আয়োজনে ২১ ফেব্রুয়ারী উৎযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

গাংনীতে আর আর এফ আয়োজিত আন্তফোরাম ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরের রুরাল রিকনস্ট্রাক্সন ফাউন্ডেশন (আর আর এফ) আয়োজিত আন্তফোরাম ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল সাড়ে ৯টায় মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে কৈশোর কর্মসুচির আওতায় এ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

আয়োজিত অনুষ্ঠানে বিদ্যালয়ের সভাপতি মুক্তিযোদ্ধা মো: দেলোয়ার হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মীর হাবিবুল বাশার।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: মনিরুজ্জামান মনি।

এসময় আর আর এফ গাংনী শাখার ব্যবস্থাপক বিশ্বজিৎ কুমার, মেহেরপুর জেলা শাখার কৈশোর কর্মসুচির প্রোগ্রাম অফিসার ঝর্না খাতুন সহ বিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারি ও শীক্ষার্থী উপস্থিশ ছিলেন।

ক্রীড়া অনুষ্ঠান শেষে বিজয়ী খেলোয়াড়দের মধ্যে পুরুষ্কার বিতরণ করা হয়।

মেপ্র/আরপি

গাংনীতে ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগে অধ্যক্ষের মামলা

গাংনীতে কলেজ ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগে সাজু নামের এক যুবকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

মঙ্গলবার মহিলা কলেজের অধ্যক্ষ খোরশেদ আলী বাদী হয়ে গাংনী থানায় মামলাটি দায়ের করেন।

মামলার এজাহার,স্থানীয় সূত্র ও ঘটনার বিবরণে জানা গেছে, পৌর এলাকার চৌগাছা পূর্ব পাড়া থেকে ওই ছাত্রী প্রতিদিনের মত মঙ্গলবার সকালে গাংনী মহিলা ডিগ্রী কলেজে যাচ্ছিল। কলেজ গেটে পৌছানো মাত্র চৌগাছা গ্রামের সরকারী প্রাথমিক বিদ্যালয় পাড়ার

মৃত আজিজ মীরের ছেলে সাজু আহমেদ (২৬) পূর্বপরিকল্পিতভাবে মোটর সাইকেল যোগে উপস্থিত হয়ে ওই ছাত্রীর হাত ধরে টানাহেচড়া করতে থাকে। এসময় জোরপূর্বক মোটর সাইকেলে তুলতে গেলে তার চিৎকারে প্রত্যক্ষদর্শীরা এগিয়ে এলে সাজু মোটর সাইকেল ফেলে পালিয়ে যায়।

পরে মেয়েটা কলেজ কর্তৃপক্ষের কাছে অভিযোগ দিলে অধ্যক্ষ তাৎক্ষনিকভাবে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান ও থানা ইনচার্জ ওবাইদুর রহমানকে অবহিত করলে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে বেশ কয়েকজন পুলিশ অফিসার উপস্থিত হয়।

সাজুর ভাই রাজু জানান, ওই ছাত্রীর সাথে দীর্ঘদিন ধরে তাদের প্রেমজ সম্পর্ক ছিল। উভয় পরিবারের লোকজন বিষয়টি জানেন।

গাংনী মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলী জানান, ছাত্রীদের অসম্মান করার মত অপরাধ সংঘটিত হলেও থানা পুলিশের ভূমিকা প্রশ্নবিদ্ধ। পরবর্র্তীতে ছাত্রীদের মধ্যে আতংক বিরাজ করলে এবং কলেজে উপস্থিতি কমে গেলে আমরা প্রশাসনকে দায়ী করবো।

এব্যাপারে গাংনী থানার ওমি মো: ওবাইদুর রহমান বলেন,এ ঘটনায় একটি মামলা হয়েছে যার নং ১২ তাং ১১-০২-২০২০ ইং। আসামী সাজু পলাতক রয়েছে। তাকে গ্রেফাতারের চেষ্টা চলছে।

মেপ্র/ইএম